



## অলিম্পিয়াডের নিয়মাবলী

### অনলাইন রেজিস্ট্রেশন:

- Online রেজিস্ট্রেশন করতে BRiCM-এর ওয়েবসাইট ([www.bricm.gov.bd](http://www.bricm.gov.bd)) এ “কেমিক্যাল মেট্রোলজি অলিম্পিয়াড ২০২০” ভিজিট করুন।
- সঠিক তথ্য দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করুন।
- রেজিস্ট্রেশন সম্পন্ন করার পর আপনার Admit Card ডাউনলোড করে সংরক্ষণ করুন।
- রেজিস্ট্রেশন এর জন্য কোনো ফি প্রযোজ্য নয়।

### প্রতিযোগিতা সংক্রান্ত তথ্য:

- প্রতিযোগিতাটি ৩টি গ্রুপে অনুষ্ঠিত হবে।
  - গ্রুপ-ক: ৮ম শ্রেণি থেকে দশম শ্রেণি,
  - গ্রুপ-খ: একাদশ ও দ্বাদশ শ্রেণি এবং
  - গ্রুপ গ: স্নাতক ও তদূর্ধ্ব
- প্রতিযোগিতার ১ম এবং ২য় রাউন্ড অনলাইনে অনুষ্ঠিত হবে। ১ম রাউন্ডে প্রত্যেক গ্রুপ থেকে ৫০ জন বাছাই করে মোট ১৫০ জন প্রতিযোগিকে নিয়ে ২য় রাউন্ড অনুষ্ঠিত হবে। অংশগ্রহণকারী প্রত্যেক প্রতিযোগির জন্য রয়েছে সার্টিফিকেট। ২য় রাউন্ডে প্রত্যেক গ্রুপ থেকে ১০ জন করে মোট ৩০ জন প্রতিযোগীদেরকে চূড়ান্ত রাউন্ডের জন্য ল্যাবরেটরীতে দিনব্যাপী প্রশিক্ষণের মাধ্যমে প্রস্তুত করা হবে।
- প্রতিযোগিতা শেষে নির্বাচিত ১ম, ২য় এবং ৩য় স্থান অধিকারীগণকে যথাক্রমে ৪০০০০/-, ২০০০০/- এবং ১০০০০/- টাকার চেক প্রদান করা হবে ও মেধাক্রম অনুসারে অংশগ্রহণকারী সকল প্রতিযোগীদের জন্য রয়েছে সনদ ও আকর্ষণীয় পুরস্কার।

### পরীক্ষার নিয়মাবলি:

- নিম্নোক্ত বিষয়ের উপর বহুনির্বাচনী (MCQ) প্রশ্ন করা হবে:
  - ✓ গ্রুপ-ক: গণিত, পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান, পরিবেশ বিজ্ঞান, আইসিটি ও মনস্তাত্ত্বিক বিষয়।
  - ✓ গ্রুপ-খ: গণিত, পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান, পরিবেশ বিজ্ঞান, আইসিটি ও মনস্তাত্ত্বিক বিষয়।
  - ✓ গ্রুপ-গ: পরিমাপ বিজ্ঞান (Metrology)-সংশ্লিষ্ট গণিত, পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান, ফার্মাসিউটিক্যাল সাইন্স, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি, প্রাণ রসায়ন ও অনুজীব বিজ্ঞান, আইসিটি, পরিসংখ্যান ও বায়োইনফরমেটিক্স এবং মনস্তাত্ত্বিক বিষয়।
- প্রশ্নের ভাষা হবে বাংলা এবং ইংরেজি।
- পরীক্ষার সময় ১ ঘন্টা।
- পরীক্ষার দিন, সময়, স্থান SMS-এর মাধ্যমে জানানো হবে।
- পরীক্ষার্থীদের প্রবেশপত্র ও স্ব স্ব শিক্ষাপ্রতিষ্ঠানের বৈধ পরিচয়পত্রের কপি অবশ্যই সঙ্গে আনতে হবে।

### যেকোনো তথ্যের জন্য যোগাযোগ করুন:

বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্ (বিআরআইসিএম), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
ড. কুদরত-ই-খুদা সড়ক (ল্যাবরেটরী রোড), ধানমন্ডি, ঢাকা-১২০৫; মোবাইল: ০১৬৮১১৬৪৫৪৭, ০১৬২৬৭৭২০৩০  
অথবা ভিজিট করুন: [www.bricm.gov.bd](http://www.bricm.gov.bd) ফেসবুক: [www.facebook.com/BRiCM2020](http://www.facebook.com/BRiCM2020)